# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩০০

২২. ওয়াসিয়াত অধ্যায় (كتاب الوصايا)

পরিচ্ছেদঃ ২৮. ওয়ারিসের (উত্তরাধিকারী’র) জন্য ওয়াসীয়াত

باب الْوَصِيَّةِ لِلْوَارِثِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا هَمَّامٌ عَنْ قَتَادَةَ قَالَ إِذَا حَضَرَ أَحَدَكُمْ الْمَوْتُ إِنْ تَرَكَ خَيْرًا الْوَصِيَّةُ لِلْوَالِدَيْنِ وَالْأَقْرَبِينَ فَأَمَرَ أَنْ يُوصِيَ لِوَالِدَيْهِ وَأَقَارِبِهِ ثُمَّ نُسِخَ بَعْدَ ذَلِكَ فِي سُورَةِ النِّسَاءِ فَجَعَلَ لِلْوَالِدَيْنِ نَصِيبًا مَعْلُومًا وَأَلْحَقَ لِكُلِّ ذِي مِيرَاثٍ نَصِيبَهُ مِنْهُ وَلَيْسَتْ لَهُمْ وَصِيَّةٌ فَصَارَتْ الْوَصِيَّةُ لِمَنْ لَا يَرِثُ مِنْ قَرِيبٍ وَغَيْرِهِ

বাংলা

৩৩০০. হাম্মাম হতে বর্ণিত, মহান আল্লাহর বাণী: “যখন তোমাদের কারো মৃত্যু উপস্থিত হয়, সে যদি সম্পদ রেখে যায়, তবে ন্যায়ানুগ প্রথামত তার পিতা-মাতা, আত্মীয়-স্বজনের জন্য ওয়াসীয়াত করার বিধান তোমাদের দেওয়া হলো।” (সুরা বাকারা: ১৮০) (এ আয়াত সম্পর্কে) কাতাদা বলেন, উল্লিখিত আয়াতে পিতা-মাতা ও আত্মীয়-স্বজনের জন্য ওয়াসীয়াত নির্ধারিত ছিল। পরে সুরা নিসার আয়াতের মাধ্যমে তা প্রত্যাহার করা হয়। ফলে পিতা-মাতা উভয়ের জন্য অংশ নির্ধারিত হয়েছে। আর মীরাছের হকদারদেরও এতে অংশ নির্ধারিত রয়েছে। ফলে তাদের জন্য কোনো ওয়াসীয়াত নেই। ফলে যে ব্যক্তি ওয়ারিস নয়, কেবল এমন নিকট আত্মীয় ও অন্যদের জন্য এখন ওয়াসীয়াতের বিধান স্থির হয়ে গেল।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ কাতাদা পর্যন্ত সহীহ। এটি কাতাদার উপর মাওকুফ।

তাখরীজ: আব্দ ইবনু হুমাইদ, বরাতে ইবনুল জাউযী, নাসিখুল কুরআন ওয়া মানসূখাহ-নাওয়াসিখুল কুরআন পৃ. ১৯৩ আমাদের তাহক্বীককৃত; দেখুন, তাফসীর তাবারী ২/১১৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হাম্মাম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83585

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন